বঙ্গবন্ধুর দর্শন সমবায়ের
উন্নয়ন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
রাঙ্গুনিয়া,চট্টগ্রাম।

স্মারকনং-৪৭.৬১.১৫৫৩.০০০.১৯.                                                                তারিখঃ      /১২/২০২২ খ্রিঃ

বিষয়: সফল সমবায় সমিতির সফলতার প্রতিবেদন পুস্তিকা  আকারে প্রকাশের জন্য প্রেরণ।

সূত্র: মহোদয়ের স্মারক নং-৫০৯ তারিখ: ২৭/০৯/২০২২খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রত্যয়ী কর্মজীবি সমবায় সমিতি লি:, ইউনিয়ন কর্মজীবি কো-অপারেটিভ সোসাইটি লিঃ এবং ড্রীম ল্যান্ড সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ এর সফলতার প্রতিবেদন এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

উল্লেখ্য যে রাঙ্গুনিয়াতে কোন মহিলা সমবায় সমিতি নাই। তাই মহিলা সমিতি বাদে ০৩ টি সমিতির সফলতার প্রতিবেদন পাঠানো হলো।

(দিবাকর দাশ মান্না)
উপজেলা সমবায় অফিসার
রাঙ্গুনিয়া,চট্টগ্রাম।

জেলা সমবায় অফিসার
চট্টগ্রাম।

# একটি প্রাথমিক সমবায় সমিতির সাফল্য গাথা

## প্রত্যয়ী কর্মজীবি সমবায় সমিতি লি:

## উপজেলা-রাঙ্গুনিয়া,জেলা-চট্টগ্রাম।

" দশে মিলে করি কাজ হারি-জিতি নাহি লাজ" এই ধারনা থেকে কিছু সমমনা ব্যক্তি সমবায়ের আর্দশে অনুপ্রানিত হয়ে গড়ে উঠে প্রত্যয়ী কর্মজীবি সমবায় সমিতি লি:। ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় দিয়ে পুঁজি গঠন ও এর ব্যবহারের মাধ্যামে সদস্যদের আর্থিক উন্নতি ও সামাজিক সমৃদ্ধি গড়ার মানসে ২০১৮ সালে সমিতিটি প্রতিষ্ঠিত হয়।

রাঙ্গুনিয়া উপজেলার রাজানগর ইউনিয়নের দক্ষিণ রাজানগর ধামাইরহাট বাজারে সমিতিটি অফিস স্থাপনকরে কার্যক্রম শুরু করে। সদস্যদের থেকে সংগৃহীত সঞ্চয় আমানত কাজে লাগিয়ে সদস্য ভুক্ত কৃষক ব্যবসায়ী ও স্থানীয় মহিলাদের মাঝে ঋণ কার্যক্রম এর মূল উদ্দেশ্য। এছাড়াও বিভিন্ন সামাজিক কর্মকান্ডেও সমিতি নিবেদিত। এর বিভিন্ন কর্মকান্ড নিম্নে তুলে ধরা হলো।

<u>উদ্দেশ্য</u>:-ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় দিয়ে পুঁজি গঠন ও এর ব্যবহারের মাধ্যমে সদস্য আর্থিক উন্নতি ও সামাজিক সমৃদ্ধি গড়া ।

<u>প্রাথমিক</u> তথ্যঃ ২০১৮ সালে ২০ জন সদস্য নিয়ে সমিতিটি যাত্রা শুরু করে। পরবর্তীতে জেলা সমবায় কার্যালয়, চট্টগ্রাম থেকে ২২/১/২০১৮ তারিখে ১২৮৯৫(চট্ট) মূলে নিবন্ধিত হয়। বর্তমানে এর সদস্য সংখ্যা ৭৩৭ জন। আদায়কৃত শেয়ার মূলধন- ১০৯১০০/-টাকা, সঞ্চয় আমানত- ৩৮১৮৮৫১/-টাকা, মাসিক সঞ্চয় আমানত- ৭৯০০০০০/-টাকা, সমিতির নামীক মাসিক সঞ্চয় স্কীম ৬৩১৩৮০০/- টাকা, স্থায়ী আমানত ১২৯৫০০০/-টাকা এবং মাসিক সঞ্চয় স্কীম প্রদেয় সুদ ৭৩৪৮৮০/- টাকা। এছাড়াও সমিতির সংরক্ষিত তহবিলের পরিমান ৭৩০০০০/- টাকা। যাহা সমিতির নামীয় ব্যাংক হিসাবে ডিপিএস হিসাবে জমা রাখা হয়েছে। ব্যাংকে জমার পরিমান-৭,২৭,৪৯১/-টাকা, মাঠে ঋণ পাওনা- ৪,১৭,৭৪,৪৬৮/-টাকা।

<u>সামাজিক অবদান</u> :- সমিতিটি বিভিন্ন ভাবে সামাজিক কার্যক্রম পরিচালনা করে থাকে। বিশেষ করে এলাকার দুস্থ,অসহায় ও গরীব লোকদেরকে চিকিৎসা সাহায্য প্রদান,মেধাবী ছাত্র/ছাত্রীগণকে নগদ অর্থ প্রদানের মাধ্যমে লেখাপড়ায় আরো আগ্রহী করে তোলা, এলাকার যাতায়াত সুবিধার জন্য রাস্তা মেরামত ও নতুন রাস্তা তৈরি করন,এলাকায় সদস্যগণের পুকুরে মাছ চাষে উদ্ধুদ্ধকরন, ফলজ গাছ রোপন ও স্যানিটারী ল্যাট্রিন স্থাপনের মাধ্যমে সামাজিক কার্যক্রম করে থাকেন।

আইন প্রতিপালন:- সমিতির ব্যবস্থাপনা কমিটির সুদক্ষ পরিচালনায় প্রতিমাসে ব্যবস্থাপনা কমিটির নিয়মিত মাসিক সভা ও বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়ে থাকে,প্রতি বৎসর নিয়মিত ভাবে অডিট সম্পাদন,অডিট সংশোধনী প্রতিবেদন পর্যালোচনা প্রতিবেদনের জবাব প্রদান,অডিট ফি,ভ্যাট ও সমবায় উন্নয়ন তহবিল নিয়মিতভাবে পরিশোধ করে থাকেন। সমিতির ব্যবস্থাপনা পরিষদ সমবায় আইন ও বিধিমালা যথাযথ ভাবে পালনের ব্যাপারে সচেষ্ট থাকেন। সমিতির সদস্যগনের মধ্যে কেহ কেহ বাংলাদেশ সমবায় একাডেমী, কুমিল্লা, এবং আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট ফেনীতে বিভিন্ন প্রশিক্ষণে অংশ গ্রহন করে। সমবায় দিবস উদযাপন করে। সমিতির সকল সদস্যই সমবায় আইন ও সমবায় বিধিমালার প্রতি শ্রদ্ধাশীল।

কর্মসংস্থান:- সমিতির হিসাব ও রেকর্ড সংরক্ষনের জন্য সার্বক্ষনিক ০৯ জন কর্মকর্তা/কর্মচারী নিয়োজিত রয়েছে। তাহাদের সুদক্ষ কর্মসম্পাদনের জন্যই সমিতিটি বর্তমানে এভাবে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। এই ছাড়া ঋন কার্যক্রমের মাধ্যমে আর ও প্রায় ৪৫০ জনের পরোক্ষ কর্মসংস্থান হয়েছে।

উপসংহার:- বিগত বৎসর সমূহে জাতীয় সমবায় পুরস্কারের জন্য উপজেলা পর্যায়ে এ সমিতিটি শ্রেষ্ট সমিতি হিসাবে বিবেচিত হয়। অদূর ভবিষ্যতে এটি জাতীয় পর্যায়ে প্রতিযোগি হওয়ার মত যোগ্যতা রাখে। সমিতিটি টেকসই এবং গতিশীল। এর উন্নয়ন ও সেবামূলক কর্মকান্ড জাতীয় অর্থনীতিতে ইতিবাচক ভুমিকা রাখবে।

(দিবাকর দাশ মান্না)
উপজেলা সমবায় অফিসার
রাঙ্গুনিয়া,চট্টগ্রাম।

# একটি প্রাথমিক সমবায় সমিতির সাফল্যগাথা

# ইউনিয়ন কর্মজীবি কো-অপারেটিভ সোসাইটি লিঃ

# উপজেলা-রাঙ্গুনিয়া,জেলা-চট্টগ্রাম।

‘‘সকলের তরে সকলে আমরা প্রত্যেকে আমরা পরের তরে” এই ধারণা থেকে কিছু সমমনা ব্যক্তি কর্মজীবি সমবায়ের আর্দশে অনুপ্রাণিত হয়ে গড়ে তুলে ইউনিয়ন কর্মজীবি কো-অপারেটিভ সোসাইটি লিঃ । ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় দিয়ে পুঁজি গঠন ও এর ব্যবহারের মাধ্যমে সদস্যদের আর্থিক উন্নতি ও সামাজিক সমৃদ্ধি গড়ার মানসে ২০১৮ সালে সমিতিটি প্রতিষ্ঠিত হয়।

রাঙ্গুনিয়া উপজেলার পোমরা ইউনিয়নের শান্তিরহাট বাজারে সমিতিটি অফিস স্থাপন করে কার্যক্রম শুরু করে। সদস্যদের থেকে সংগৃহীত সঞ্চয় আমানত কাজে লাগিয়ে সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন কল্পে কাজ শুরু করে। এছাড়াও বিভিন্ন সামাজিক কর্মকান্ডেও সমিতি নিবেদিত। এর বিভিন্ন কর্মকান্ড নিম্নে তুলে ধরা হলো।

<u>উদ্দেশ্য</u>:-ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় দিয়ে পুঁজি গঠন ও এর ব্যবহারের মাধ্যমে সদস্যদের আর্থিক উন্নতি ও সামাজিক সমৃদ্ধি গড়া ।

<u>প্রাথমিক</u> তথ্যঃ ২০১৮ সালে ২০ জন সদস্য নিয়ে সমিতিটি যাত্রা শুরু করে। জেলা সমবায় কার্যালয়, চট্টগ্রাম থেকে ১০/০৪/২০১৮ তারিখে ১২৯৫২(চট্ট) মূলে নিবন্ধিত হয়। বর্তমানে এর সদস্য সংখ্যা ৪৯৭ জন। আদায়কৃত শেয়ার মুলধন- ৭২০০০/-টাকা, দৈনিক সঞ্চয় আমানত- ৪০৯০১১৫/-টাকা, মাসিক সঞ্চয় আমানত- ২৭৮৪০২৫/-টাকা, এফডিএস ৯০০৭৫৩৪/- টাকা, পিডিএস ৪০৮০০০০/-টাকা, এসএলএস ২৬২৪৬০/- টাকা । এবং এছাড়াও সমিতির সংরক্ষিত তহবিলের পরিমান ১৪৮৫৬০/- টাকা। ব্যাংকে জমার পরিমান-১১৯৮৪২৫/-টাকা।

<u>সামাজিক অবদান</u> :- সমিতিটি বিভিন্ন ভাবে সামাজিক কার্যক্রম পরিচালনা করে থাকে। বিশেষ করে এলাকার দুস্থ,অসহায় ও গরীব লোকদেরকে চিকিৎসা সাহায্য প্রদান,মেধাবী ছাত্র/ছাত্রীগণকে নগদ অর্থ প্রদানের মাধ্যমে পড়াশুনায় আরো আগ্রহী করে তোলা, এলাকার যাতায়াত সুবিধার জন্য রাস্তা মেরামত ও নতুন রাস্তা তৈরি করন,এলাকায় সদস্যগণের পুকুরে মাছ চাষে উদ্ধুদ্ধকরণ, ফলজ গাছ রোপন ও স্যানিটারী ল্যাট্রিন স্থাপনের মাধ্যমে সামাজিক কার্যক্রম করে থাকেন।

**<u>বিনিয়োগ :</u>** সমিতির নামে দুইটি ওয়ালটন ইলেকট্রনিক্স শো রুম রয়েছে। উক্ত খাতে বিনিয়োগের পরিমাণ ৫২০৯৩৭২/- টাকা। ওয়ালটন গ্রুপ হতে মালামাল ক্রয় ও স্থানীয় ভাবে বিক্রয়ের মাধ্যমে উক্ত প্রকল্প পরিচালিত হয়। প্রকল্প বিনিয়োগ হতে বিগত অর্থ বছরে লাভের পরিমাণ ৩০৪৮৮৫/- টাকা।

আইন প্রতিপালন:- সমিতির ব্যবস্থাপনা কমিটির সুদক্ষ পরিচালনায় বর্তমানে প্রতিমাসে ব্যবস্থাপনা কমিটির নিয়মিত মাসিক সভা ও বাষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়ে থাকে,প্রতি বৎসর নিয়মিত ভাবে অডিট সম্পাদন,অডিট সংশোধনী প্রতিবেদন ও পর্যালোচনা প্রতিবেদনের জবাব প্রদান,অডিট ফি,ভ্যাট ও সমবায় উন্নয়ন তহবিল নিয়মিতভাবে পরিশোধ করে থাকেন। সমিতির ব্যবস্থাপনা পরিষদ সমবায় আইন ও বিধিমালা যথাযথ ভাবে পালনের ব্যাপারে সচেষ্ট থাকেন। সমিতির সদস্যগনের মধ্যে কেহ কেহ বাংলাদেশ সমবায় একাডেমী, কুমিল্লা, এবং আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট ফেনীতে বিভিন্ন প্রশিক্ষণে অংশ গ্রহন করে। সমবায় দিবস উদযাপন করে। সমিতির সকল সদস্যই সমবায় আইন ও সমবায় বিধিমালার প্রতি শ্রদ্ধাশীল।

সেবামূলককার্যক্রম:- সমিতি মাধ্যমে পেশাজীবি ও কর্মজীবিদের বিভিন্ন সামাজিক সেবা দিয়ে আসছে। এছাড়া ধর্মীয়, সামাজিক সাংস্কৃতিক এবং ক্রীড়া সংগঠন সমূহের আর্থিক সহায়তা প্রদান করে থাকে।

কর্মসংস্থান:- সমিতির হিসাব ও রেকর্ড সংরক্ষনের জন্য সার্বক্ষনিক ০৭ জন কর্মকর্তা/কর্মচারী নিয়োজিত রয়েছে। তাহাদের সুদক্ষ কর্মসম্পাদনের জন্যই সমিতিটি বর্তমানে এভাবে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। এই ছাড়া ঋণ কার্যক্রমের মাধ্যমে আর ও প্রায় ২০০ জনের পরোক্ষ কর্মসংস্থান হয়েছে।

উপসংহার:- বিগত বৎসর জাতীয় সমবায় পুরস্কারের জন্য উপজেলা পর্যায়ে এ সমিতিটি শ্রেষ্ট সমিতি হিসাবে বিবেচিত হয়। অদূর ভবিষ্যতে এটি জাতীয় পর্যায়ে প্রতিযোগি হওয়ার মত যোগ্যতা রাখে। সমিতিটি টেকসই এবং গতিশীল। এর উন্নয়ন ও সেবামূলক কর্মকান্ড জাতীয় অর্থনীতিতে ইতিবাচক ভুমিকা রাখবে।



(দিবাকর দাশ মান্না)
উপজেলা সমবায় অফিসার
রাঙ্গুনিয়া,চট্টগ্রাম।

# একটি প্রাথমিক সমবায় সমিতির সাফল্যগাথা

# রাঙ্গুনিয়া ড্রীমল্যান্ড সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ

# উপজেলা-রাঙ্গুনিয়া,জেলা-চট্টগ্রাম।

‘‘সকলের তরে সকলে আমরা প্রত্যেকে আমরা পরের তরে” এই ধারণা থেকে কিছু সমমনা সমবায়ের আর্দশে অনুপ্রাণিত হয়ে গড়ে তুলে রাঙ্গুনিয়া ড্রীমল্যান্ড সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ । ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় দিয়ে পুঁজি গঠন ও এর ব্যবহারের মাধ্যমে সদস্যদের আর্থিক উন্নতি ও সামাজিক সমৃদ্ধি গড়ার মানসে ২০১১ সালে সমিতিটি প্রতিষ্ঠিত হয়।

রাঙ্গুনিয়া উপজেলার পারুয়া ইউনিয়নের সাহাব্দীনগরে সমিতিটি অফিস স্থাপন করে কার্যক্রম শুরু করে। সদস্যদের থেকে সংগৃহীত সঞ্চয় আমানত কাজে লাগিয়ে সদস্য ভুক্ত কৃষক, ব্যবসায়ীদের আর্থ-সামাজিক উন্নয়ন কল্পে কাজ শুরু করে। এছাড়াও বিভিন্ন সামাজিক কর্মকান্ডেও সমিতি নিবেদিত। এর বিভিন্ন কর্মকান্ড নিম্নে তুলে ধরা হলো।

উদ্দেশ্য:-ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় দিয়ে পুঁজি গঠন ও এর ব্যবহারের মাধ্যমে সদস্যদের আর্থিক উন্নতি ও সামাজিক সমৃদ্ধি গড়া ।

প্রাথমিক তথ্যঃ ২০১১ সালে ২০ জন সদস্য নিয়ে সমিতিটি যাত্রা শুরু করে। পরবর্তীতে জেলা সমবায় কার্যালয়, চট্টগ্রাম থেকে ১৭/১১/২০১১ তারিখে ১১১০৬(চট্ট) মূলে নিবন্ধিত হয়। বর্তমানে এর সদস্য সংখ্যা ৫৯৬ জন। আদায়কৃত শেয়ার মুলধন- ৯৪৫০০/-টাকা, সঞ্চয় আমানত- ৫১১৬৬০৪/-টাকা, মাসিক সঞ্চয় আমানত- ৭৯৭৮৯১৯/-টাকা, এফডিএস ৯২৬৩৯২৪/- টাকা, মেয়াদী আমানত ৪৩২৭৪২৯৮/-টাকা, কল্যাণ তহবিল ১৪২২১২৩/- টাকা, পিএফ দেনা ১৬০৯৯৭/- টাকা,সংরক্ষিত তহবিল ১৫৫৭৫৭/- টাকা । ব্যাংকে জমার পরিমান- ২২০৯১৯/-টাকা।

সামাজিক অবদান :- সমিতিটি বিভিন্ন ভাবে সামাজিক কার্যক্রম পরিচালনা করে থাকে। বিশেষ করে এলাকার দুস্থ,অসহায় ও গরীব লোকদেরকে চিকিৎসা সাহায্য প্রদান,মেধাবী ছাত্র/ছাত্রীগণকে নগদ অর্থ প্রদানের মাধ্যমে পড়াশুনায় আরো আগ্রহী করে তোলা, এলাকার যাতায়াত সুবিধার জন্য রাস্তা মেরামত ও নতুন রাস্তা তৈরি করন,এলাকায় সদস্যগণের পুকুরে মাছ চাষে উদ্ধুদ্ধকরণ, ফলজ গাছ রোপন ও স্যানিটারী ল্যাট্রিন স্থাপনের মাধ্যমে সামাজিক কার্যক্রম করে থাকেন।

আইন প্রতিপালন:- সমিতির ব্যবস্থাপনা কমিটির সুদক্ষ পরিচালনায় বর্তমানে প্রতিমাসে ব্যবস্থাপনা কমিটির নিয়মিত মাসিক সভা ও বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়ে থাকে,প্রতি বৎসর নিয়মিত ভাবে অডিট

সম্পাদন,অডিট সংশোধনী প্রতিবেদন ও পর্যালোচনা প্রতিবেদনের জবাব প্রদান,অডিট ফি,ভ্যাট ও সমবায় উন্নয়ন তহবিল নিয়মিতভাবে পরিশোধ করে থাকেন। সমিতির ব্যবস্থাপনা পরিষদ সমবায় আইন ও বিধিমালা যথাযথ ভাবে পালনের ব্যাপারে সচেষ্ট থাকেন। সমিতির সদস্যগণের মধ্যে কেহ কেহ বাংলাদেশ সমবায় একাডেমী, কুমিল্লা, এবং আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট ফেনীতে বিভিন্ন প্রশিক্ষণে অংশ গ্রহণ করে। সমবায় দিবস উদযাপন করে। সমিতির সকল সদস্যই সমবায় আইন ও সমবায় বিধিমালার প্রতি শ্রদ্ধাশীল।

উন্নয়ন/সম্প্রসারণ কার্যক্রম: সমিতির জমির পরিমান প্রায় ৬ শতক । এই জমিতে ৩ তলা ভবন নির্মাণ করা হয়েছে। ক্রয়কৃত জমির মূল্য ১৬৭২২৫০/-টাকা ও ভবনের মূল্য ৩৯৬৮৪৩৮/- টাকা।

সেবামুলক কার্যক্রম:- সমিতি মাধ্যমে পেশাজীবি ও কর্মজীবিদের বিভিন্ন সামাজিক সেবা দিয়ে আসছে। এছাড়া ধর্মীয়, সামাজিক সাংস্কৃতিক এবং ক্রীড়া সংগঠন সমূহের আর্থিক সহায়তা প্রদান করে থাকে।

কর্মসংস্থান:- সমিতির হিসাব ও রেকর্ড সংরক্ষনের জন্য সার্বক্ষনিক ০৭ জন কর্মকর্তা/কর্মচারী নিয়োজিত রয়েছে। তাহাদের সুদক্ষ কর্মসম্পাদনের জন্যই সমিতিটি বর্তমানে এভাবে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। এই ছাড়া ঋণ কার্যক্রমের মাধ্যমে আর ও প্রায় ৫০ জনের পরোক্ষ কর্মসংস্থান হয়েছে।

উপসংহার:- বিগত সময়ে জাতীয় সমবায় পুরস্কারের জন্য উপজেলা পর্যায়ে এ সমিতিটি শ্রেষ্ট সমিতি হিসেবে বিবেচিত হয়। অদূর ভবিষ্যতে এটি জাতীয় পর্যায়ে প্রতিযোগি হওয়ার মত যোগ্যতা রাখে। সমিতিটি টেকসই এবং গতিশীল। এর উন্নয়ন ও সেবামূলক কর্মকান্ড জাতীয় অর্থনীতিতে ইতিবাচক ভুমিকা রাখবে।

(দিবাকর দাশ মান্না)
উপজেলা সমবায় অফিসার
রাঙ্গুনিয়া,চট্টগ্রাম।